

بَدَلٌ /পরিবর্তিত/Substitute

بَدَلٌ শব্দটির শাব্দিক অর্থ عَوْضٌ বা বদল, পরিবর্তন করা ইংরেজীতে আমরা বলতে পারি Change, Alter অথবা Replacement ইত্যাদী। বাক্যে পূর্বে উল্লিখিত কোন বিশেষ্য, শব্দ, বা শব্দ সমষ্টিকে অধিক স্পষ্ট করার জন্য পরিবর্তীতে যে শব্দ বা শব্দ সমষ্টি ব্যবহার করা হয় তাকে بدل বা Substitute বলে। যেমন:

❖ حَضَرَ إِبْرَاهِيمُ أَخُوكَ

❖ رَأَيْتُ زَيْدًا أَخَاكَ

এখানে ১ম বাক্যে إِبْرَاهِيمُ শব্দটিকে স্পষ্ট করার জন্য পরিবর্তীতে أَخُوكَ (তোমার ভাই) এসেছে যা إِبْرَاهِيمُ কে

স্পষ্ট করেছে, যে এসেছে সে তোমার ভাই। এখানে إِبْرَاهِيمُ কে مُبَدَّلٌ مِنْهُ বা Substituted এবং পরিবর্তী শব্দ أَخُوكَ তার بَدَلٌ বা Substitute হয়েছে। তেমনিভাবে زَيْدًا এখানে مِنْهُ এবং أَخَاكَ (তোমার ভাই) بَدَلٌ বা Substitute হয়েছে।

حُكْمُ الْبَدَلِ /হুকুম

بَدَلٌ পরিবর্তী اسمٌ বা শব্দটি সব সময় পূর্ববর্তী শব্দ বা اسمٌ টির যে إِعْرَابٌ/Case Ending তথা যবর, যের, পেশ যা হবে بَدَلٌ বা Substitute এ সেই إِعْرَابٌ বা হরকত হবে। (যদিও অনেক সময় সেই হরকত প্রকাশিত না থাকে)

অর্থাৎ: بَدَلٌ এবং مُبَدَّلٌ مِنْهُ এর إِعْرَابٌ একই হবে।

পবিত্র কুরআন থেকে উদাহরণ:

فَأْمِنُوا بِاللَّهِ وَرَسُولِهِ النَّبِيِّ الْأُمِّيِّ

↓ ↓
بَدَلٌ مُبَدَّلٌ مِنْهُ

(So believe in Allah and his Messenger The unlettered prophet)

উপরোক্ত নিয়ম ছাড়াও বর্তমান যুগের একদল ভাষাবিদ বলেন যে Demonstrative Pronoun বা تِلْكَ - ذَلِكَ - هَذِهِ এই জাতীয় Pronoun এর পরে যদি Definite Noun বা الْأِسْمُ التَّامَّةُ তথা নির্দিষ্ট Noun আসে তবে সেটিও بَدَلٌ হয় যথা:

❖ ذَلِكَ الْكِتَابُ لَا رَيْبَ فِيهِ

❖ تِلْكَ الرُّسُلُ فَضَّلْنَا بَعْضَهُمْ عَلَى بَعْضٍ

এখানে ذَلِكَ শব্দটি Demonstrative Pronoun যার পরে Definite اسم তথা الْكِتَابُ শব্দটি এসেছে

سُورَاتٍ مِّنْهُ (That Masculine) ذَلِكَ

بَدَلٌ (The book) الْكِتَابُ

مُبَدَّلٌ مِنْهُ (That feminine) تِلْكَ

بَدَلٌ (Messengers) الرُّسُلُ

অনুরূপভাবে পবিত্র কুরআনে বহু উদাহরণ রয়েছে যেমন:

বঙ্গানুবাদ	আয়াত	আয়াত
আর এই কুরআন আমার কাছে ওহী করে পাঠানো হয়েছে যেন তোমাদেরকে ও যার কাছে এটা পৌঁছবে তাদেরকে এর মাধ্যমে আমি সতর্ক করি।	وَأَوْحِي إِلَيَّ هَذَا الْقُرْآنُ لِأُنذِرْكُمْ بِهِ	6:19
আর আমাদের জন্য এ দুনিয়াতে ও আখিরাতে কল্যাণ লিখে দিন।	وَاصْنِ لَنَا فِي هَذِهِ الدُّنْيَا حَسَنَةً وَفِي الْآخِرَةِ	7:156
এই বৃক্ষের নিকটবর্তী হইয়া তাহলে সীমালঙ্ঘনকারীদের অন্তর্ভুক্ত হবে।	لَا تَقْرَبُوا هَذِهِ الشَّجَرَةَ فَتَكُونُوا مِنَ الظَّالِمِينَ	2:135

যখন সে তার পিতা ও তার কওমকে বলল, 'এ মূর্তিগুলো কী, যেগুলোর পূজায় তোমরা রত রয়েছো'?	إِذْ قَالَ لِأَبِيهِ وَقَوْمِهِ مَا هَذِهِ التَّمَاثِيلُ الَّتِي أَنْتُمْ لَهَا عَاكِفُونَ	21:52
আর এইসব দিন আমি মানুষের মধ্যে পালাক্রমে আবর্তন করি	تِلْكَ الْأَيَّامُ نُدَاوِلُهَا بَيْنَ النَّاسِ	3:140

الظَّرْفُ তথা Adverb স্থান বা কাল বাচক বিশেষ্য

আমরা জানি আরবী ভাষায় Adverb কেও Noun এর মধ্যে शामिल করা হয়। الظَّرْفُ বা

Adverb হচ্ছে এমন সমস্ত শব্দ যা কোন ক্রিয়া সম্পাদনের স্থান বা কালকে বুঝায়।

আরবী ভাষায় الظَّرْفُ বা Adverb সাধারণত দুই প্রকার যথা:

(1) ظَرْفُ الزَّمَانِ বা Adverb of time কাল/সময় বাচক বিশেষ্য: যে সকল Noun বা اسم

দ্বারা কোন ক্রিয়া সম্পাদন হওয়ার সময় বুঝায় তাকে ظَرْفُ الزَّمَانِ বা Adverb of time বলে

যথা:

صُمْتُ الْيَوْمَ	আমি আজকে রোজা রেখেছি।
إِعْتَكُفْتُ لَيْلَةً	আমি আজ রাতে ই'তিকাফ করেছি।

এখানে রোজা রাখা এবং ই'তিকাফ করার সময় হলো যথাক্রমে দিন ও রাত যা সময়কে নির্দেশ করে

তাই বাক্যে الْيَوْمَ এবং لَيْلَةً শব্দটি ظَرْفُ الزَّمَانِ বা Adverb of time

পবিত্র কুর আন থেকে ظَرْفُ الزَّمَانِ এর উদাহরণ:

বঙ্গানুবাদ	আয়াত	উ'স
পাঠ কর তোমার কিতাব, আজ তুমি নিজেই তোমার হিসাব-নিকাশকারী হিসেবে যথেষ্ট।	اقْرَأْ كِتَابَكَ كَفَىٰ بِنَفْسِكَ الْيَوْمَ عَلَيْكَ حَسِيبًا	17:14

সে বলল, ‘আজ তোমাদের উপর আমার কোন ভৎসনা নেই। আল্লাহ তোমাদের ক্ষমা করুন। আর তিনি সবচেয়ে বেশি দয়ালু’	قَالَ لَا تَأْتِيَنَّكُمْ الْيَوْمَ - يَغْفِرُ اللَّهُ لَكُمْ. وَبُورِ أَرْحَمَ الرَّحِيمِينَ	12:92
সে বলল, ‘হে আমার রব! আমি তো আমার কণ্ঠকে রাত-দিন আহবান করেছি।	قَالَ رَبِّ إِنِّي دَعَوْتُ قَوْمِي لَيْلًا وَنَهَارًا	71:05
আর কোন কিছুই ব্যাপারে তুমি মোটেই বলবে না যে, ‘নিশ্চয় আমি তা আগামীকাল করব’।	وَلَا تَقُولَنَّ لِيْشَاءِ إِيَّيْ فَاعِلٌ ذَلِكَ غَدًا	18:23
কিতাবীদের মধ্যে এমন কেউ নেই, যে তার মৃত্যুর পূর্বে তার প্রতি ঈমান আনবে না এবং কিয়ামতের দিনে সে তাদের বিরুদ্ধে সাক্ষী হবে।	وَإِنْ مِنْ أَهْلِ الْكِتَابِ إِلَّا لِيُؤْمِنَنَّ بِهِ قَبْلَ مَوْتِهِ وَيَوْمَ الْقِيَامَةِ يَكُونُ عَلَيْهِمْ شَهِيدًا	4:159
নিশ্চয় তারা ইতঃপূর্বে বিলাসিতায় মগ্ন ছিল।	إِنَّهُمْ كَانُوا قَبْلَ ذَلِكَ مُتْرَفِينَ	56:45
আর ইতঃপূর্বে জীনে সৃষ্টি করেছি উত্তম অগ্নিশিখা থেকে।	وَالْجَانَّ خَلَقْنَاهُ مِنْ قَبْلُ مِنْ نَارِ السَّمُومِ	15:27

এছাড়া কিছু ظَرْفُ/Adverb আছে যেগুলো প্রশ্নবোধক অব্যয় হিসেবেও ব্যবহৃত হয় যথা:

অর্থ	প্রশ্নবোধক অব্যয়
কখন	مَتِي
কখন	أَيَّانَ

এছাড়াও أَمْسٌ (গতকাল) إِذْ এবং إِذَا (যখন) শব্দদ্বয়ও ظَرْفُ الزَّمَانِ হিসেবে ব্যবহৃত হয়।

(2) ظَرْفُ الْمَكَانِ তথা Adverb of place/স্থান বাচক বিশেষ্য: যে সকল اسم বা Noun দ্বারা

ক্রিয়া সম্পাদনের স্থান বা Place বুঝায় তাকে ظَرْفُ الْمَكَانِ বা Adverb of place বলে যথা:

❖ آمي تار **بَادِيَةً** فِي دَارِهِ |

❖ آمي **مَسْجِدِ** فِي صَلَاتِي نَامَاز آدَاي كَرَلَام |

এখানে **بَادِيَةً** এবং **فِي الْمَسْجِدِ** অর্থ “তারা বাড়িতে এবং মসজিদের ভিতরে এই শব্দ দুটি **ظَرْفُ** **المَكَانِ** तथा Adverb of place হয়েছে।

পবিত্র কুরআন থেকে উদাহরণ:

বঙ্গানুবাদ	আয়াত	উৎস
আর তিনিই তাঁর বান্দাদের উপর ক্ষমতাবান; আর তিনি প্রজ্ঞাময় ও সম্যক অবগত।	وَهُوَ الْفَاهِرُ فَوْقَ عِبَادِهِ وَهُوَ الْحَكِيمُ الْخَبِيرُ	6:18
(তাদের প্রেরণ করেছি) স্পষ্ট প্রমাণাদি ও কিতাবসমূহ এবং তোমার প্রতি নাযিল করেছি কুরআন, যাতে তুমি মানুষের জন্য স্পষ্ট করে দিতে পার, যা তাদের প্রতি নাযিল হয়েছে। আর যাতে তারা চিন্তা করে।	بِالْبَيِّنَاتِ وَالزُّبُرِ وَأَنْزَلْنَا إِلَيْكَ الذِّكْرَ لَتُبَيِّنَ لِلنَّاسِ مَا نُزِّلَ إِلَيْهِمْ وَلَعَلَّهُمْ يَتَفَكَّرُونَ	16:44
এরা দু’টি বিবদমান পক্ষ, যারা তাদের রব সম্পর্কে বিতর্ক করে। তবে যারা কুফরী করে তাদের জন্য আগুনের পোশাক প্রস্তুত করা হয়েছে। তাদের মাথার উপর থেকে ঢেলে দেয়া হবে ফুটন্ত পানি।	هَذَانِ خَصْمَانِ اخْتَصَمُوا فِي رَبِّهِمْ فَالَّذِينَ كَفَرُوا قُطِعَتْ لَهُمْ ثِيَابٌ مِنْ نَارٍ يُصَبُّ مِنْ فَوْقِ رُءُوسِهِمْ الْحَمِيمُ (19) يُصْهَرُ بِهِ مَا فِي بُطُونِهِمْ وَالْجُلُودُ	22:19
আর অপবিত্র বাক্যের উপমা নিকৃষ্ট বৃক্ষের ন্যায়, যাকে মাটির উপর থেকে সমূলে উপড়ে ফেলা হয়েছে, যার কোন স্থিতি নেই।	وَمَثَلُ كَلِمَةٍ خَبِيثَةٍ كَشَجَرَةٍ خَبِيثَةٍ اجْتُثَّتْ مِنْ فَوْقِ الْأَرْضِ مَا لَهَا مِنْ قَرَارٍ	14:26
আর কাফিররা বলবে, ‘হে আমাদের রব, জিন ও মানুষের মধ্যে যারা আমাদেরকে পথভ্রষ্ট করেছে তাদেরকে আমাদের দেখিয়ে দিন। আমরা তাদের উভয়কে আমাদের পায়ের নীচে রাখব , যাতে তারা নিকৃষ্টদের অন্তর্ভুক্ত হয়।	وَقَالَ الَّذِينَ كَفَرُوا رَبَّنَا أَرْنَا الَّذِينَ أَضَلَّنَا مِنَ الْجِنِّ وَالْإِنْسِ نَجْعَلُهُمَا تَحْتَ أَقْدَامِنَا لِيَكُونُوا مِنَ الْمُسْفَلِينَ	41:29
আর যারা আল্লাহর পথে জীবন দিয়েছে, তাদেরকে তুমি মৃত মনে করো না, বরং তারা তাদের রবের নিকট জীবিত তাদেরকে রিয়ক দেয়া হয়।	وَلَا تَحْسَبَنَّ الَّذِينَ قُتِلُوا فِي سَبِيلِ اللَّهِ أَمْوَاتًا ۚ بَلْ أَحْيَاءٌ عِنْدَ رَبِّهِمْ يُرْزَقُونَ	02:169
এটি গায়েবের সংবাদসমূহের অন্তর্ভুক্ত, যা আমি তোমার প্রতি ওহী পাঠাচ্ছি। আর তুমি তাদের নিকট ছিলে না, যখন তারা তাদের কলম নিক্ষেপ করছিল, তাদের মধ্যে কে মারইয়ামের দায়িত্ব নেবে? আর তুমি তাদের নিকট ছিলে না, যখন তারা বিতর্ক করছিল	ذَلِكَ مِنْ أَنْبَاءِ الْغَيْبِ نُوحِيهِ إِلَيْكَ ۚ وَمَا كُنْتَ لَدَيْهِمْ إِذْ يُلْقُونَ أَقْلَامَهُمْ أَيُّهُمْ يَكْفُلُ مَرْيَمَ ۚ وَمَا كُنْتَ لَدَيْهِمْ إِذْ يَخْتَصِمُونَ	02:44

উল্লেখ থাকে যে, قَبْلُ ও بَعْدُ দুটি ظَرْفُ বা Adverb এই দুটি শব্দ সর্বদা مُضَافٌ হিসেবে ব্যবহৃত হয়, যখন এই দু'টি শব্দের مُضَافٌ إِلَيْهِ কে উহ্য রাখা হয় বা উল্লেখ করা হয় না তখন শব্দ দু'টি ضَمَّة তথা পেশ এর উপর مَبْنِي হয় অর্থাৎ: সর্বদা এই অবস্থায় পেশ বিশিষ্ট হয় যেমন:

- اللَّهُ الْأَمْرُ مِنْ قَبْلُ وَمِنْ بَعْدُ

بَعْدُ ও قَبْلُ এর হুকুম: حُكْمُ قَبْلُ وَبَعْدُ:

ظَرْفُ বা Adverb কখনই বাক্যে مُبْتَدَأُ এবং Subject হতে পারেনা বরং مُضَافٌ হিসেবে ব্যবহৃত হয় এবং পরের শব্দটি إِلَيْهِ مُضَافٌ হয়।

এছাড়া কিছু فِعْل বা verb আছে যাদের প্রথমে জবর যুক্ত মিম (م) যুক্ত করলে সেটি তখন ظَرْفُ বা Adverb হয়ে যায়। যা নিম্নের টেবিলে বর্ণনা করা হলো। যেমন:

فِعْل বা verb	অর্থ	জবর যুক্ত م	ظَرْفُ বা Adverb of Place or Time	অর্থ
سَجَدَ	সে সিজদা করল	م	مَسْجِدٌ	সিজদার স্থান/ Mosque
نَزَلَ	সে অবতরণ করল	م	مَنْزِلٌ	অবতরণস্থান/Destination
شَرِقَ	উদিত হওয়া	م	مَشْرِقٌ	সূর্য উদিত হওয়ার স্থান/ East
جَلَسَ	সে বসল	م	مَجْلِسٌ	বসার স্থান/ Gathering
غَرَبَ	অস্তমিত হওয়া	م	مَغْرِبٌ	অস্তমিত হওয়ার স্থান/West
جَمَعَ	একত্রিত করা	م	مَجْمَعٌ	একত্রিত হওয়া স্থান/ Place of meeting
طَلَعَ	প্রকাশিত হওয়া	م	مَطْلَعٌ/مَطْلَعٌ	প্রকাশিত হওয়া সময়/স্থান Time/ Place of rising
قَتَلَ	হত্যা করা	م	مَقْتَلٌ	হত্যা করা স্থান/ battle-field

পবিত্র কুরআনে ব্যবহৃত কিছু ظَرْفُ /Adverb অর্থসহ নিম্নে পেশ করা হলো যথা:

قَبْلَ/Before/পূর্বে	الْيَوْمَ/Today/আজ
فَوْقَ/above/Over/উপরে	غَدًا/Tomorrow/আগামীকাল
تَحْتَ/Under/নিচে	هنا/Here/এখানে
أَمَامَ /Infront/সামনে	لَيْلًا/Night/রাত্রি
عِنْدَ/Near/নিকটে	إِذَا/إِذْ When/ যখন
بَعْدَ/After/পরে	مَسَاءً/Evening/সন্ধ্যা
بَيْنَ /Between/দুটির মাঝে	ظَهْرًا/Midday/দুপুর
وَرَاءَ /Behind/ পিছনে	صَبَاحًا/Morning/সকাল